গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
প্রধান কার্যালয়
৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.dnc.gov.bd

স্মারক নম্বর: ৫৮.০২.০০০০.০০০.০০৭.২৩.০০০৪.১৬-৪৪৩

তারিখ: ২৮ শ্রাবণ ১৪৩৩ / ১২ আগস্ট ২০২৬

**বিষয়: ২০২৬ সালে প্রস্তুতকৃত মাদকবিরোধী থিম সং ও ডকুমেন্টারি ব্যাপকভাবে প্রচারের বাস্তবায়ন অগ্রগতি প্রমাণকসহ প্রেরণ**

সূত্র: মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়ের স্মারক নং- ৫৮.০২.০০০০.০০০.০০৭.২৩.০০০৪.১৬-৩৮০, তারিখ: ১৪ জুলাই ২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের মধ্যে এবং সমাজের সকল শ্রেণি-পেশার মানুষের মধ্যে মাদকবিরোধী সচেতনতা জাগরণের লক্ষ্যে ২০২৬ সালে প্রস্তুতকৃত মাদকবিরোধী থিম সং ও ডকুমেন্টারি ব্যাপকভাবে প্রচারের জন্য সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়েছে।

উক্ত নির্দেশনার আলোকে আপনার কার্যালয়ের আওতাধীন এলাকায় মাদকবিরোধী থিম সং ও ডকুমেন্টারি প্রচার/প্রদর্শনসহ এ সংক্রান্ত জনসচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করা হয়ে থাকলে তার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ এ কার্যালয়ে প্রেরণ করা প্রয়োজন।

এমতাবস্থায়, আপনার কার্যালয়ের আওতাধীন এলাকায় এ পর্যন্ত গৃহীত কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রমাণক হিসেবে ক্যাপশন সংবলিত স্থিরচিত্র আগামী ২৩/০৮/২০২৬ খ্রি. তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিভাগের বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে প্রধান কার্যালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Bhein 12.08.26

(মোঃ বাহাউদ্দিন)
উপ পরিচালক (নিরোধ শিক্ষা)
☏০২-২২৬৬৬৫১১৬
✉ ddpe@dnc.gov.bd

উপপরিচালক/সহকারী পরিচালক
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
জেলা কার্যালয় (সকল)

স্মারক নম্বর: ৫৮.০২.০০০০.০০০.০০৭.২৩.০০০৪.১৬-৪৪৩(১৯)

তারিখ: ২৮ শ্রাবণ ১৪৩৩ / ১২ আগস্ট ২০২৬

অনুলিপি: (সদয় জ্ঞাতার্থে ও জ্ঞাতার্থে):

১. পরিচালক (প্রশাসন/চিকিৎসা ও পুনর্বাসন/অপারেশন্স/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
২. অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয় (সকল)
৩. প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৪. সহকারী পরিচালক, (নিরোধ শিক্ষা/গবেষণা ও প্রকাশনা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
৪. মহাপরিচালকের স্টাফ অফিসার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫. অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬. অফিস কপি/মাস্টার কপি

Bhein 12.08.26

(মোঃ বাহাউদ্দিন)
উপ পরিচালক (নিরোধ শিক্ষা)
☏০২-২২৬৬৬৫১১৬
✉ ddpe@dnc.gov.bd